দৈনিক
আমাদের সময়

তারিখ ... 11 NOV 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ... ......

# জবি 'ই' ইউনিটের ফল প্রকাশ

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের 'ই' ইউনিটের (কলা অনুষদের অন্তর্ভুক্ত) প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ব্যবহারিক ও পারফরম্যান্স পরীক্ষায় চারুকলা, সংগীত ও নাট্যকলা বিভাগের চূড়ান্ত ফল প্রকাশ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ ফিরোজ আলম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়েছে। এতে আরও বলা হয়েছে, 'ই' ইউনিটভুক্ত ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের লিখিত পরীক্ষার ফল শিগগিরই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে। ভর্তি পরীক্ষার ফল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.jnu.ac.bd) পাওয়া যাবে।